মেহেরপুরের আমঝুপিতে পারিবারিক সহিংসতা প্রতিরোধে প্রশিক্ষণ কর্মশালা

মেহেরপুরের আমঝুপিস্থ মানব উন্নয়ন কেন্দ্রে (মউক) পারিবারিক সহিংসতা রোধ এবং সামাজিক ন্যায়বিচার প্রতিষ্ঠার লক্ষ্যে নবগঠিত ‘ভিজিলেন্স কমিটি’র সদস্যদের নিয়ে এক বিশেষ প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

‘পারিবারিক সহিংসতা প্রতিরোধ ও সমাজে সামাজিক ন্যায়বিচার নিশ্চিতকরণ’ প্রকল্পের আওতায় মউক হলরুমে এ কর্মশালার আয়োজন করা হয়।

কর্মসূচির অংশ হিসেবে দুইটি ইউনিয়নে পর্যায়ক্রমে ভিজিলেন্স কমিটি গঠনের উদ্যোগ নেওয়া হয়েছে। প্রথম পর্যায়ে আমঝুপি ইউনিয়নের ২১ জন সদস্য নিয়ে একটি কমিটি গঠন করা হয় এবং দ্বিতীয় কমিটি গঠনের পূর্বপ্রস্তুতি চলছে।

কমিটিতে স্থানীয় শিক্ষক, সাংবাদিক, সমাজকর্মী, মানবাধিকার কর্মী, শিক্ষার্থী ও অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারিদের অন্তর্ভুক্ত করা হয়েছে।

প্রশিক্ষণের প্রধান আলোচ্য বিষয় ছিল জেন্ডারভিত্তিক সহিংসতা প্রতিরোধ ও মানবাধিকার প্রতিষ্ঠা। প্রশিক্ষণপ্রাপ্ত সদস্যরা মাঠ পর্যায়ে গিয়ে পারিবারিক সহিংসতার শিকার নারীদের কাউন্সেলিং প্রদান করবেন এবং বাল্যবিবাহ ও যৌতুকের মতো সামাজিক ব্যাধি প্রতিরোধে সচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করবেন।

প্রশিক্ষণ অনুষ্ঠানে সভাপতির বক্তব্যে মউকের নির্বাহী প্রধান বলেন, মেহেরপুর জেলায় বহু নারী কোনো না কোনোভাবে পারিবারিক নির্যাতনের শিকার হচ্ছেন। এই হার কমিয়ে আনতে এবং সহিংসতামুক্ত সমাজ গড়তে স্থানীয় অংশীজনদের সক্রিয় অংশগ্রহণ অত্যন্ত জরুরি।

কর্মশালা শেষে অংশগ্রহণকারী সদস্যরা নিজ নিজ এলাকায় মানবাধিকার রক্ষায় কাজ করার এবং পারিবারিক সহিংসতামুক্ত একটি মডেল সমাজ গড়ে তোলার অঙ্গীকার ব্যক্ত করেন।

মেহেরপুরের আমঝুপিতে এডুকেশন ওয়াচ গ্রুপ পুনর্গঠন সভা অনুষ্ঠিত

সবার জন্য মানসম্মত শিক্ষা নিশ্চিত করা এবং শিক্ষার্থীদের বিদ্যালয় থেকে ঝরে পড়া রোধের দৃঢ় অঙ্গীকার নিয়ে মেহেরপুরের আমঝুপিতে অনুষ্ঠিত হলো ‘কমিউনিটি এডুকেশন ওয়াচ’ গ্রুপের পুনঃগঠন সভা। গণসাক্ষরতা অভিযানের সহযোগিতায় এবং মানব উন্নয়ন কেন্দ্র (মউক)-এর আয়োজনে মউক এর হলরুমে এই অনুষ্ঠানটি পরিচালিত হয়।

আমঝুপি কমিউনিটি ওয়াচ গ্রুপের সাবেক সভাপতি অধ্যাপক সাইদুর রহমানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মউক-এর নির্বাহী প্রধান আশাদুজ্জামান সেলিম। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে আরও বক্তব্য রাখেন মেহেরপুর পৌরসভার সাবেক কাউন্সিলর আব্দুর রহিম, আমদহ ওয়াচ গ্রুপের সভাপতি মোঃ ইসমাইল হোসেন এবং বিশিষ্ট রাজনীতিবিদ ও শিক্ষক মোঃ রুহুল আমিন।

সভায় বক্তারা গ্রামীণ পর্যায়ে শিক্ষার গুণগত মান উন্নয়ন এবং তৃণমূল পর্যায়ে জনসচেতনতা বৃদ্ধির ওপর গুরুত্বারোপ করেন। বিশেষ করে করোনা মহামারির পরবর্তী সময়ে শিক্ষার্থীদের স্কুলবিমুখতা একটি বড় চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে উল্লেখ করে বক্তারা বলেন, এটি মোকাবিলায় পাড়ায় পাড়ায় সামাজিক নজরদারি ও তদারকি বাড়ানো অপরিহার্য।

বক্তারা আরও বলেন, “শিক্ষার মান উন্নয়নে শুধু সরকারি উদ্যোগ যথেষ্ট নয়, স্থানীয় পর্যায়ের সচেতন নাগরিকদের সক্রিয় অংশগ্রহণ ও জবাবদিহিতা নিশ্চিত করতে হবে।” পুরো অনুষ্ঠানটি সঞ্চালনা করেন প্রোগ্রাম ম্যানেজার মোছা: কাজল রেখা। সভায় স্থানীয় শিক্ষক, সাংবাদিক ও বিভিন্ন শ্রেণী-পেশার বিশিষ্ট ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

সভার দ্বিতীয় পর্বে উপস্থিত সকলের সর্বসম্মতিক্রমে আগামী মেয়াদের জন্য আমঝুপি ও আমদহ ইউনিয়নের নতুন ‘এডুকেশন ওয়াচ কমিটি’ ঘোষণা

করা হয়।

আমঝুপি ইউনিয়নের সভাপতি হিসেবে মনোনীত হয়েছেন অধ্যাপক সাইদুর রহমান এবং সহ-সভাপতি হিসেবে আজগর আলী ও আক্তার হোসেন। আমদহ ইউনিয়নের সভাপতি হিসেবে কাজী রুহুল আমিন এবং সহ-সভাপতি হিসেবে আনারুল ইসলাম ও ফারুক হোসেন দায়িত্ব পেয়েছেন।

নবগঠিত কমিটির নেতৃবৃন্দ আশা প্রকাশ করেন যে, এই কমিটি মেহেরপুরের শিক্ষা ব্যবস্থায় স্বচ্ছতা আনা এবং শিক্ষার মান উন্নয়নে মাঠ পর্যায়ে কার্যকর ভূমিকা পালন করবে।

মেহেরপুরের আমঝুপিতে সূর্যমুখী দেখতে দর্শনার্থীদের ভিড়

প্রতিবছরের মতো এবারও সূর্যমুখীর হলুদ ফুলে ভরে উঠেছে মেহেরপুর সদর উপজেলার আমঝুপি (বিএডিসি) ডাল ও তৈলভিত্তিক বীজ উৎপাদন খামার। সূর্য যেদিকে হেলে পড়ে, সূর্যমুখীর ফুলগুলোও ঠিক সেদিকেই মুখ ঘুরিয়ে নেয় প্রকৃতির এই অনন্য দৃশ্য যেন তৈরি করেছে এক অপূর্ব হলুদের রাজ্য।

সবুজ মাঠের বুকে মাথা উঁচু করে দাঁড়িয়ে থাকা অসংখ্য সূর্যমুখী ফুল মন কেড়ে নিচ্ছে দর্শনার্থীদের। এর সঙ্গে রাস্তার দুই পাশের সারি সারি নারিকেল গাছ পুরো পরিবেশকে করেছে আরও মোহনীয়। প্রজাপতির আনাগোনার সঙ্গে সঙ্গে প্রতিদিন দল বেঁধে আসছেন প্রকৃতিপ্রেমী ও ভ্রমণপিপাসু মানুষ। কেউ আসছেন শুধু চোখ জুড়াতে, কেউ আবার ক্যামেরাবন্দী করতে এই সৌন্দর্য।

এই প্রাকৃতিক দৃশ্য উপভোগ করতে প্রতিদিন শত শত মানুষ ভিড় করছেন মেহেরপুর-চুয়াডাঙ্গা সড়কের পাশে অবস্থিত আমঝুপি ডাল ও তৈলভিত্তিক বীজ উৎপাদন খামারে। পাশ্ববর্তী জেলাগুলো থেকেও মাইক্রোবাস, কার ও মোটরসাইকেলে করে ছুটে আসছেন দর্শনার্থীরা।

জানা গেছে, দেশে বীজ ও ভোজ্য তেলের চাহিদা পূরণের লক্ষ্যে এবং

স্থানীয় কৃষকদের সূর্যমুখী চাষে উৎসাহিত করতে খামার কর্তৃপক্ষ প্রতিবছরই সূর্যমুখী চাষ করে থাকে। চলতি মৌসুমে বিগত বছরের মতো এবারও সাড়ে ১৬ বিঘা জমিতে বারি সূর্যমুখী-৩ জাতের চাষ করা হয়েছে।

ফুলে ভরা এই মাঠ এখন যেন বিনোদনকেন্দ্রে পরিণত হয়েছে। সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত কেউ সেলফি তুলছেন, কেউ পরিবার-পরিজন নিয়ে ছবি তুলছেন। ফুল যেন কেউ নষ্ট না করে, সে জন্য খামার কর্তৃপক্ষকে আলাদা লোকবলও নিয়োগ করতে হয়েছে।

ছবি তুলতে আসা এক কলেজছাত্রী সোহাগ বলেন, এত বড় সূর্যমুখীর মাঠ একসঙ্গে আর কোথাও দেখা যায় না। প্রকৃতির এই সৌন্দর্য ক্যামেরায় ধরে রাখতে বান্ধবীদের নিয়ে এসেছি।

আমঝুপি গ্রামের এক জিহাদ জানান, নিজের এলাকাতেই এত সুন্দর দৃশ্য, না দেখে থাকা যায় না। তাই পরিবার নিয়ে চলে এসেছি।

শহর ও গ্রাম থেকে ঘুরতে আসা কয়েকজন গৃহবধূ জানান, কয়েক বছর ধরেই সূর্যমুখীর মৌসুম এলেই এখানে ছবি তুলতে আসি। এখানে এলে মনটা ভরে যায়, সব ক্লান্তি দূর হয়ে যায়।

ফুলে-ফুলে ভরপুর জেলার একমাত্র এই বীজ উৎপাদন খামার এখন শুধু কৃষি কার্যক্রমেই নয়, বরং প্রকৃতিপ্রেমী মানুষের জন্য একটি আনন্দঘন ভ্রমণস্থলে পরিণত হয়েছে।

মেহেরপুরের আমঝুপিতে ছাত্রদলের ধানের শীষের পক্ষে গণসংযোগ ও সমাবেশ

মেহেরপুর সদর উপজেলা ছাত্রদলের নেতৃত্বে বিএনপির মনোনীত প্রার্থী মাসুদ অরুনের পক্ষে ধানের শীষ প্রতীকে ভোট চেয়ে গণসংযোগ ও সংক্ষিপ্ত সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

আজ রোববার বিকাল ৪টার দিকে সদর উপজেলার আমঝুপি এলাকায় এ

গণসংযোগ অনুষ্ঠিত হয়। গণসংযোগকালে নেতাকর্মীরা ধানের শীষ প্রতীকে ভোট প্রদানের জন্য সাধারণ মানুষের প্রতি আহ্বান জানান।

এ সময় উপস্থিত ছিলেন আমঝুপি ইউনিয়নের সাবেক বিএনপির মনোনীত প্রার্থী শফিকুল ইসলাম, জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাবেদ সেনজির, সিনিয়র যুগ্ম সম্পাদক শেখ রাশেদুল ইসলাম রাজন, দপ্তর সম্পাদক লিজন আহম্মেদ, পৌর ছাত্রদলের আহ্বায়ক তৌফিক এলাহিসহ সদর উপজেলা ছাত্রদলের বিভিন্ন ইউনিটের নেতৃবৃন্দ।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মেহেরপুর সদর উপজেলা ছাত্রদলের সদস্য সচিব ফজলে রাব্বী।

আমঝুপি নূরানি ও হাফিজীয়া মাদরাসার অভিভাবক সমাবেশ

মেহেরপুরের আমঝুপি নূরানি ও হাফিজীয়া মাদরাসার উদ্যোগে অভিভাবক সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। আজ শনিবার সকাল ১০টায় আয়োজিত এ অভিভাবক সমাবেশে সভাপতিত্ব করেন শামসুল হুদা শিশির।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জহুরুল ইসলাম খান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আমঝুপি মাধ্যমিক বিদ্যালয়ের গেমস শিক্ষক শরিফ উদ্দিন।

এছাড়াও সভায় উপস্থিত ছিলেন সভা সভাপতি আছাদ খান এবং সাধারণ সম্পাদক মো: মিথুন।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন প্রতিষ্ঠানটির প্রধান শিক্ষক উমর ফারুক। সমাবেশে মাদরাসার তিনজন হাফেজকে সম্মাননা প্রদান করা হয়। তারা হলেন মো: আব্দুর রহমান তামিম, মো: সামির এবং মো: সাইদ।

বক্তারা শিক্ষার্থীদের নৈতিক শিক্ষা ও কুরআন শিক্ষার গুরুত্ব তুলে ধরে অভিভাবকদের সহযোগিতা কামনা করেন।

আমঝুপি শিশু কিশোর সংগঠনের ২৬তম প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন

আমঝুপি শিশু কিশোর সংগঠনের ২৬তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে বাৎসরিক প্রীতিভোজ ও জার্সি উন্মোচন অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। গতকাল সোমবার মুজিবনগর উপজেলার অনন্যা পার্কে দিনব্যাপী এই অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে সংগঠনের সদস্যদের পাশাপাশি বিভিন্ন শ্রেণি-পেশার আমন্ত্রিত অতিথিবৃন্দ উপস্থিত ছিলেন। এ সময় কেক কাটা, আলোচনা সভা ও প্রীতিভোজের মধ্য দিয়ে আনন্দঘন পরিবেশে প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন করা হয়।

অনুষ্ঠানে সংগঠনের নতুন জার্সি উন্মোচন করা হয়। জার্সির স্পন্সর হিসেবে সহযোগিতা করেন দোয়েল।

এ উপলক্ষে সংগঠনের নতুন কমিটিও ঘোষণা করা হয়। নতুন কমিটিতে সভাপতি হিসেবে দায়িত্ব পান মুস্তাক আহমেদ মিলন, সাধারণ সম্পাদক হিসেবে আবু সাঈদ শুভ। পাশাপাশি ৭ সদস্য বিশিষ্ট একটি উপদেষ্টা পরিষদ চূড়ান্ত করা হয়।

আলোচনা সভায় বক্তারা বলেন, আমঝুপি শিশু কিশোর সংগঠন দীর্ঘদিন ধরে শিক্ষা, সংস্কৃতি, স্বাস্থ্য, খেলাধুলাসহ সমাজের প্রায় সকল ইতিবাচক কার্যক্রমে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে আসছে। ভবিষ্যতেও এই ঐতিহ্যবাহী সংগঠন সমাজ উন্নয়নে অগ্রণী ভূমিকা রাখবে বলে আশাবাদ ব্যষক্ত করেন তারা। অনুষ্ঠানটি প্রীতিভোজের মধ্য দিয়ে শেষ হয়।

মেহেরপুরের আমঝুপিতে মহান বিজয় দিবস পালন

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের আয়োজনে ৫৪তম মহান বিজয় দিবস যথাযোগ্য মর্যাদায় পালন করা হয়েছে।

দিবসটি উপলক্ষে মঙ্গলবার সকাল ৭টায় বিদ্যালয় প্রাঙ্গনে জাতীয় পতাকা উত্তোলন করেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. রুহুল আমিন। এ সময় উপস্থিত ছিলেন সহকারী প্রধান শিক্ষক হাফিজুর জামান। সকাল ৯টায় বিদ্যালয় প্রাঙ্গণ থেকে একটি বিজয় র্যালি বের হয়ে আমঝুপি ইউনিয়নের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে।

র্যালি শেষে সংক্ষিপ্ত বক্তব্য দেন প্রধান শিক্ষক মো. রুহুল আমিন ও সহকারী প্রধান শিক্ষক হাফিজুর জামান। এ সময় উপস্থিত ছিলেন সিনিয়র সহকারী শিক্ষক হাবিবুর রহমান, মাহাবুব হাসান, বসির আহমেদ, রাফিউল ইসলাম, রকিবুল ইসলাম, ফারাহ হোসেন, লিটন, তুষার আহমেদ, গাজিউর রহমান, রকিবুল ইসলাম রিপন, ইব্রাহিম খলিল, নারগিস চৌধুরী, শাহানাজ খাতুন, রুবেল আহমেদ এবং কম্পিউটার শিক্ষক হাবিব।

এছাড়াও সকাল ৭টায় আমঝুপি মাধ্যমিক বিদ্যালয়ে জাতীয় পতাকা উত্তোলন করেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক আহমদ আলী। এ সময় সহকারী শিক্ষক ফয়জুল কবির উপস্থিত ছিলেন।

অন্যদিকে, আমঝুপি মডেল হাফিজিয়া মাদ্রাসায় জাতীয় পতাকা উত্তোলন করেন মাদ্রাসার প্রধান শিক্ষক শহিদুল ইসলাম সুমন। এ সময় উপস্থিত ছিলেন মাদ্রাসার সেক্রেটারি ফারুক হোসেন ও সভাপতি তানসিন আহমেদ।

আমঝুপি মাধ্যমিক বালিকা

বিদ্যালয়ের সিনিয়র শিক্ষক শাহিদা বানুর বিদায় সংবর্ধনা

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের সিনিয়র শিক্ষক শাহিদা বানুর অবসর গ্রহণ উপলক্ষে বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার সকালে বিদ্যালয় প্রাঙ্গণে আয়োজিত এ সংবর্ধনা অনুষ্ঠানে শিক্ষক-শিক্ষার্থী ও অতিথিদের উপস্থিতিতে আবেগঘন পরিবেশের সৃষ্টি হয়।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ রুহুল আমিনের সভাপতিত্বে অনুষ্ঠিত সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বিদ্যালয়ের সাবেক প্রধান শিক্ষক সহিদুল ইসলাম। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন, সাবেক প্রধান শিক্ষক আফরোজা পারভীন ও সহকারী প্রধান শিক্ষক হাফিজুর জামান। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন, সহকারী শিক্ষক হাবিবুর রহমান।

এসময় বক্তব্য রাখেন, সহকারী শিক্ষক ফারহা হোসেন লিটন, রকিবুল ইসলাম, তুষার আহমেদ, ইব্রাহিম খলিল, রাফিউল ইসলাম, বশির আহমেদ, আবুল হাসান, শাহাজান খাতুন ও নার্গিস চৌধুরীসহ শিক্ষার্থী ও অন্যান্য শিক্ষকবৃন্দ।

বক্তারা তাদের বক্তব্যে বলেন, শাহিদা বানু একজন আদর্শ শিক্ষক হিসেবে দীর্ঘদিন নিষ্ঠা, সততা ও মমতার সঙ্গে শিক্ষার্থীদের আলোকিত করেছেন। তার অবদান বিদ্যালয়ের ইতিহাসে স্মরণীয় হয়ে থাকবে।

প্রধান অতিথি সহিদুল ইসলাম বলেন, একজন শিক্ষক অবসরে গেলেও তার শিক্ষা ও মূল্যবোধ সমাজে চিরদিন বেঁচে থাকে। শাহিদা বানু সেই উদাহরণ।

সংবর্ধনার একপর্যায়ে অবসরপ্রাপ্ত শিক্ষক শাহিদা বানুকে ফুল ও উপহার দিয়ে সম্মাননা জানানো হয়। পরে বিদ্যালয়ের শিক্ষক-কর্মচারীদের উদ্যোগে ফুলের গাড়িতে করে তাকে তার নিজ বাড়িতে পৌঁছে দেওয়া হয়।

বিদায় মুহূর্তে শাহিদা বানু আবেগাপ্লুত কণ্ঠে বলেন, এই বিদ্যালয় ও সহকর্মীদের ভালোবাসা আজীবন মনে থাকবে। শিক্ষার্থীদের সাফল্যই ছিল আমার সবচেয়ে বড় প্রাপ্তি।

মেহেরপুরের আমঝুপিতে অ্যাড. কামরুল হাসানের গনসংযোগ

মেহেরপুর সদর উপজেলার আমঝুপিতে জেলা বিএনপি’র সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসানের নেতৃত্বে এক পথসভা ও গণসংযোগ অনুষ্ঠিত হয়েছে। শনিবার (১৮ অক্টোবর) বিকেল ৫ টার সময় আমঝুপি বাজারে এ পথসভা অনুষ্ঠিত হয়।

পথসভা শেষে বিশাল লোকসমাগম নিয়ে অ্যাডভোকেট কামরুল হাসান গণসংযোগ কর্মসূচি শুরু করেন। এ সময় তিনি স্থানীয় জনগণের হাতে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান ঘোষিত ৩১ দফা দাবি সম্বলিত লিফলেট বিতরণ করেন এবং এলাকাবাসীর সঙ্গে মতবিনিময় করেন।

সাবেক সদর থানা যুবদল সভাপতি হাসিবুল ইসলাম স্বপন এর সভাপতিত্বে এ সময় উপস্থিত ছিলেন জেলা বিএনপির আহ্বায়ক কমিটির সাবেক সদস্য আলমগীর খান ছাতু, সদস্য আবু সালেহ নাসিম ও খাইরুল বাশার, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক ওমর ফারুক লিটন, রোমানা আহমেদ, সদর উপজেলা বিএনপির সভাপতি ফয়েজ মোহাম্মদ, সাধারণ সম্পাদক সাহিদুল ইসলাম, পৌর বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট এহান উদ্দিন মনা, জেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক আজমুল হোসেন মিন্টু, জেলা জাসাসের সদস্য সচিব বাকা বিল্লাহ, জেলা শহীদ জিয়া স্মৃতি সংসদের সভাপতি আলিফ আরাফাত খান, জেলা যুবদলের সহ-সভাপতি মোশারফ হোসেন তপু, সদর উপজেলা আহ্বায়ক লিয়াকত আলী, আমদহ ইউনিয়ন বিএনপির সভাপতি ইলিয়াস হোসেন ও সাধারণ সম্পাদক সাব্বির হোসেন, পিরোজপুর ইউনিয়ন বিএনপির সভাপতি আতিয়ার রহমান ও সাধারণ সম্পাদক মিন্টু হোসেন, জেলা যুবদলের সদস্য মেহেদী হাসান রোলেক্স, বিএনপি নেতা নাহিদসহ বিভিন্ন ইউনিয়নের ওয়ার্ড পর্যায়ের নেতাকর্মী ও অঙ্গসংগঠনের নেতৃবৃন্দ।

পথসভা ও গণসংযোগকে কেন্দ্র করে আমঝুপি এলাকায় উৎসবমুখর পরিবেশ লক্ষ্য করা যায়। স্থানীয়দের অংশগ্রহণে এ কর্মসূচি প্রাণবন্ত হয়ে ওঠে।

আমঝুপিতে জামায়াতের এমপি প্রার্থী তাজউদ্দিন খানের গণসংযোগ

বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর জেলা শাখার উদ্যোগে সদর উপজেলার আমঝুপি ইউনিয়নের গণসংযোগ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে।

গতকাল সোমবার বিকাল ৫টার দিকে আমঝুপি গ্রামের প্রধান সড়ক ও দোকানপাটে এ গণসংযোগ অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে নেতৃত্ব দেন, বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর-১ আসনের প্রার্থী মাওলানা তাজউদ্দিন খান।

এ সময় আরও উপস্থিত ছিলেন, মেহেরপুর শ্রমিক ফেডারেশনের জেলা সভাপতি আব্দুর রউফ মুকুল, মেহেরপুর জেলা সেক্রেটারি ইকবাল হুসাইন, মেহেরপুর সদর উপজেলার আমীর সোহেল রানা, সদর উপজেলার সেক্রেটারী ও আমঝুপি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদপ্রার্থী জাব্বারুল ইসলাম মাষ্টার, মেহেরপুর শ্রমিক ফেডারেশনের সদরের সভাপতি আবুল হোসেন, আমঝুপি ইউনিয়নের আমীর মহসিন আলী, সেক্রেটারী রকিবুল আলম মুক্ত প্রমুখ।

গণসংযোগ কর্মসূচিতে আসন্ন রাজনৈতিক কর্মকাণ্ডে জনসম্পৃক্ততা বাড়ানো এবং দলীয় প্রার্থীর পক্ষে সর্বাত্মক সমর্থন প্রদানের আহ্বান জানানো হয়।